

# ইস্টার্ন ব্যাংক লিমিটেড

হেড অফিসঃ জীবন বিমা ভবন, ১০, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



## শেয়ার মূল্য সংবেদনশীল তথ্য

### ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২০১৩ সালের নগদ লভ্যাংশ ঘোষনা এবং ২২তম (বাইশতম)-বার্ষিক সাধারণ সভার সময়-সূচী :

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ বৃহস্পতিবার ২৭শে ফেব্রুয়ারী ২০১৪ ইং তারিখ বিকেল ৩.০০ থেকে ৫.৪৫ ঘটিকায় অনুষ্ঠিত সভায় ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী গ্রহন চূড়ান্তভাবে বিবেচনা করেছেন যা আসন্ন ২২তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এছাড়া পরিচালনা পর্ষদ উক্ত সভায় ৩১শে ডিসেম্বর ২০১৩ ইং অর্থ বছরের জন্য নিম্নলিখিত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেনঃ

\* নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) : ২০% (বিশ শতাংশ)

ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ ২২তম (বাইশতম) বার্ষিক সাধারণ সভার জন্য নিম্নলিখিত কর্মসূচি ঘোষনা করেছেনঃ

১. ২২তম (বাইশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী:

দিন ও তারিখ : সোমবার, ৩১ শে মার্চ ২০১৪  
সময় : সকাল ১০.৩০ ঘটিকা  
স্থান : বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, ঢাকা

২. রেকর্ড ডেট : মঙ্গলবার, ১৯ই মার্চ ২০১৪

৩. লভ্যাংশ গ্রহনের শর্তাবলী: রেকর্ড ডেট (১৯ মার্চ ২০১৪) অনুযায়ী যে সমস্ত শেয়ারহোল্ডারগণের নাম ইবিএল এর শেয়ার রেজিস্টারে এবং/অথবা ডিপোজিটোরিতে লিপিবদ্ধ থাকবে তাঁরাই ঘোষনাকৃত নগদ লভ্যাংশ প্রাপ্তি এবং উপরোক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিবেচিত হবেন।

৪. বিএসইসির নোটিফিকেশন তারিখ ১ জুন ২০০৯ অনুযায়ী ইবিএল এর পরিচালনা পর্ষদ নিম্নলিখিত তথ্য ঘোষনা করেনঃ


২০১৩ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তথ্যঃ

বিবরণী	ইবিএল (টাকা)	ইবিএল কনসোলিডেটেড (টাকা)
নেট এ্যাসেট ভ্যালু (এন এ ভি)	১৮৪৫.০৫ কোটি	১৮৫৫.৮৮ কোটি
নেট এ্যাসেট ভ্যালু পার শেয়ার	৩০.১৯	৩০.৩৭
আরনিং পার শেয়ার (ই পি এস)	৪.২০	৪.১৫
নেট অপারেটিং ক্যাশফ্লো পার শেয়ার	২০.৫৬	২০.৫৮

বিএসইসি ডাইরেক্টরস নং SEC/SRMID/২০০০-৮৫/২২৪৮/চজঅ-০২/১ তারিখ ডিসেম্বর ১৯, ২০০০ এবং SEC/CMRRCD/2009-193/Admin/03-31 তারিখ ১ জুন ২০০৯, অনুযায়ী উল্লেখিত তথ্য প্রদান করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর সার্কুলার নং SEC/CMRRCD/2009-193/154 তারিখ ২৪ শে অক্টোবর ২০১৩ অনুযায়ী আসন্ন ২২তম বার্ষিক সাধারণ সভায় কোন গিফট/ গিফট কুপন/ ফুড বক্স প্রদান করা হবেনা।

তারিখঃ ঢাকা,  
২৭শে ফেব্রুয়ারী ২০১৪

  
সাফিয়ার রহমান, এফসিএস  
এসইডিপি এন্ড কোম্পানী সচিব